



১৪ ফেব্রুয়ারি বিকেল সাড়ে ৪টা পর্যন্ত নির্বাচনী সভা মিছিল বন্ধ



ছবি: সংগৃহীত

নির্বাচন কমিশন জানিয়েছে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচারণা মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৭টায় শেষ হবে। এরপর ১৪ ফেব্রুয়ারি বিকেল সাড়ে ৪টা পর্যন্ত নির্বাচনী এলাকায় কোনো সভা, মিছিল বা শোভাযাত্রা করা যাবে না।

সংবাদ বিজ্ঞপ্তিতে কমিশন উল্লেখ করেছে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর ৭৮ অনুচ্ছেদের বিধান অনুযায়ী ভোট গুণের ৪৮ ঘণ্টা আগে এবং ভোটের পর ৪৮ ঘণ্টা পর্যন্ত নির্বাচনী এলাকায় জনসমাগম নিষিদ্ধ থাকবে। এর ফলে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা থেকে ১৪ ফেব্রুয়ারি বিকেল সাড়ে ৪টা পর্যন্ত এই নিয়ম প্রযোজ্য হবে।

এদিকে, ১২ ফেব্রুয়ারি বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত দেশের ২৯৯টি আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। শেরপুর-৩ আসনে জামায়াত প্রার্থীর মৃত্যুর কারণে ভোট স্থগিত করা হয়েছে। একই দিনে গণভোটও অনুষ্ঠিত হবে।

LENS ASIA